

census
2021

2021 সালের আদমশুমারিতে অংশ নিতে প্রত্যেককে সহায়তা করা হচ্ছে

2021 সালের মার্চ মাসে আদমশুমারি হবে।
আপনি এতে অংশ নিয়ে এবং অন্যকেও এটি করার জন্য উৎসাহিত
করার মাধ্যমে আপনার এবং আপনার কমিউনিটির প্রয়োজনীয়
সার্ভিস পাওয়া নিশ্চিত করতে সহায়তা করবেন।

আদমশুমারি কী?

আদমশুমারি একটি জরিপ যা প্রতি ১০ বছর পর পর ঘটে এবং এটা ইংল্যান্ড এবং ওয়েলসের সকল লোক এবং পরিবারের একটি চিত্র আমাদের দেয়।

স্থানীয় কাউন্সিল, চ্যারিটি বা দাতব্য সংস্থা এবং অন্যান্য অনেক সংস্থা প্রতিবছর পরিষেবা বা সার্ভিসগুলিতে কয়েক বিলিয়ন পাউন্ড কীভাবে ব্যয় করতে হবে তা নির্ধারণের জন্য আদমশুমারির তথ্য ব্যবহার করে।

এর মধ্যে পরিবহন, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে। যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন সেখানে এ অর্থ ব্যয় হয়েছে তা নিশ্চিত করার জন্য, এটি গুরুত্বপূর্ণ যে আদমশুমারিতে প্রত্যেককে গণনা করা হয়।



আপনার সহায়তা গুরুত্বপূর্ণ

আমরা জানি যে কমিউনিটির সাথে সুসম্পর্ক গড়ে তোলার অর্থ আরও বেশি মানুষ আদমশুমারিতে অংশ নিতে চাইবে।

আমরা আরও জানি যে আপনার কমিউনিটিকে আপনার চেয়ে ভাল আর কেউ জানে না। লোকজনকে অংশ নিতে সহায়তা করার জন্য বিশ্বস্ত স্থানীয় নেতা এবং কমিউনিটির প্রতিনিধিদের সহায়তা জরুরী।

কমিউনিটির মধ্যে যোগাযোগ গড়ে তোলা

2021 সালের আদমশুমারির জন্য আরও ব্যাপক লোকজনের কাছে পৌঁছাতে আমাদের আপনার সহায়তা প্রয়োজন।

আমাদের স্থানীয় কমিউনিটি এঙ্গেজমেন্ট কর্মচারীরা আদমশুমারির সময় জনগণকে অংশ নিতে উপকরণ, পরামর্শ এবং ব্যবহারিক সহায়তা দিয়ে সাহায্য করবেন।



জ্ঞান

আপনার কমিউনিটির আগ্রহ এবং এর সমস্যাগুলির ব্যাপারে আপনার অনন্য উপলব্ধি রয়েছে। এই জ্ঞান আমাদের সবাইকে অংশ নিতে সহায়তা করার পরিকল্পনা করতে আমাদের সাহায্য করবে।

সচেতনতা

আপনার কমিউনিটির সাথে যোগাযোগ, শুমারি কী এবং এটি কেন সবার কাছে গুরুত্বপূর্ণ তা প্রচার করতে আমাদের সহায়তা করতে পারে। এটি আদমশুমারিতে আস্থা তৈরি করবে এবং সমর্থন বাড়াবে।

সুযোগ নেয়া

আপনার যোগাযোগগুলি আপনার কমিউনিটির যাদের সহায়তা প্রয়োজন তাদের কাছে আমাদের পৌঁছাতে সহায়তা করতে পারে। এটি নিশ্চিত করবে যে তারা অন্তর্ভুক্ত আছেন।

আরও জানুন

আপনার কমিউনিটিকে (সমাজকে) সহায়তা করতে একসাথে কাজ করার বিষয়ে আরও জানুন।

আদমশুমারি সম্পর্কে আরও পড়ুন www.census.gov.uk

আদমশুমারি অনুসরণ করুন @Census2021

